

ইতিহাস ও সভ্যতা বিভাগ

বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২৫৪

দুরালপনী : +৮৮০১৫১৫৬০৯২৭২

তারবার্তা : his.civ2018@gmail.com

ওয়েব: www.bu.ac.bd



Department of History and Civilization

University of Barisal, Barisal-8254

Mobile: +8801515609272

E-Mail: his.civ2018@gmail.com

Web: www.bu.ac.bd

স্মারক নং-বিইউ/ইওস/(সেমিনার/কনফারেন্স/একক বক্তৃতা)/৪৪/২০১৯/২৫

তারিখ: ০৫/১২/২০২১

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষে ইতিহাস ও সভ্যতা বিভাগ কর্তৃক অনুষ্ঠিতব্য ওয়েবিনারে যুক্ত হওয়ার আমন্ত্রণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, মুজিব শতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বছরব্যাপী নানা আয়োজনের ধারাবাহিকতায় ইতিহাস ও সভ্যতা বিভাগ আগামী ৭ ডিসেম্বর ২০২১, রোজ মঙ্গলবার, বিকাল ০৩:০০ ঘটিকায় 'বঙ্গবন্ধুর পররাষ্ট্রনীতি ও বিশ্বশান্তি' শিরোনামে একটি ওয়েবিনার আয়োজন করতে যাচ্ছে। উক্ত ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে যুক্ত থাকবেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আশফাক হোসেন। সভায় স্বাগত বক্তব্য প্রদান করবেন বিভাগের সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী এবং সভাপতিত্ব করবেন বিভাগীয় চেয়ারম্যান জনাব সুরাইয়া আক্তার। আলোচনা সভাটি জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে। সভায় আপনাকে ও আপনার বিভাগ/দপ্তরের সহকর্মীবৃন্দ ও শিক্ষার্থীদের যুক্ত হওয়ার জন্য ইতিহাস ও সভ্যতা বিভাগের পক্ষ থেকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

Meeting ID: 452 689 2685

Password: 2020

সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান
বরিশাল বিশ্ববিদ্যালয়

ধন্যবাদান্তে

(সুরাইয়া আক্তার)
চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক
ইতিহাস ও সভ্যতা বিভাগ
বরিশাল বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

১. পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
২. উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৩. ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. বিভাগীয় নোটিস বোর্ড।